দৈনিক ইত্তেফাক

তারিখ 13 FEB 1997
পৃষ্ঠা 2 কলাম 8

47

# কলেজের অধ্যক্ষ নিয়োগ ও শিক্ষক প্রতিনিধি নির্বাচন প্রসঙ্গে

বাংলাদেশে বেসরকারী কলেজে অধ্যক্ষ নিয়োগের ক্ষেত্রে বর্তমানে অনেক সমস্যা বিদ্যমান। খোলাখুলি বলিলে এভাবে বলা যায় যে, সৎ ও দক্ষ অধ্যক্ষ পাওয়া খুবই দুরহ ব্যাপার হইয়া দাঁড়াইয়াছে। কোন কোন কলেজের জন্য ৩ বার জাতীয় দৈনিকে বিজ্ঞাপন দিয়াও পাওয়া যায় নাই এমন উদাহরণ ভুরি ভুরি। তাই বিভিন্ন কলেজে বছরের পর বছর ভারপ্রাপ্ত অধ্যক্ষ দিয়া কাজ চালাইয়া যাইতে দেখা যায়। এ সমস্যা সমাধানে আমার প্রস্তাব হইতেছে বিশ্ববিদ্যালয়ের বিভাগগুলিতে যেভাবে পর্যায়ক্রমে (বাই রোটেশন) ২ বছর বা তিন বছর মেয়াদী, সিনিয়রিটির ভিত্তিতে, চেয়ারম্যান/সভাপতি নিযুক্ত করা হয়, তেমনিভাবে কলেজগুলিতে ২ বছর মেয়াদী অধ্যক্ষ নিয়োগ করা যাইতে পারে। ইহা করিলে দুর্নীতির অভিযোগ কমিবে। সেইসাথে শিক্ষা এবং শিক্ষকের মর্যাদা বৃদ্ধি পাইবে।

আরেকটি বিষয় হইতেছে, কলেজ পরিচালনা পরিষদে শিক্ষক প্রতিনিধি নির্বাচন। প্রতি বছর শিক্ষক প্রতিনিধি নিয়োগকে কেন্দ্র করিয়া শিক্ষকদের ভিতর দল, উপদল, গ্রুপিং, ইজম, জাতীয় রাজনীতি ও এলাকার প্রভাব ইত্যাদি সমস্যা সৃষ্টি হয়। যে কারণে শিক্ষকতার মত মহান পেশায় নিয়োজিত উচ্চশিক্ষিতজনদের মধ্যে ঐক্যের ফাটল, ব্যক্তিগত সম্পর্কের অবনতি এবং কোন কোন ক্ষেত্রে চরম অব্যবস্থা বিরাজ করে। তাই এ প্রসঙ্গে আমার পরামর্শ হইতেছে, এ ক্ষেত্রেও সিনিয়রিটির ভিত্তিতে প্রতি বছর নির্দিষ্ট সংখ্যক শিক্ষক নিয়োগের ব্যবস্থা করা হউক। তাহা হইলে সংশ্লিষ্ট কলেজের পরিবেশ আরও সুন্দর হওয়াসহ লেখাপড়ার মানও বাড়িতে পারে এবং শিক্ষকদের মধ্যে কোন অসন্তোষ বিরাজমান থাকিবে না। আশা করি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আমার প্রস্তাব দুইটি বিবেচনা করিয়া দেখিবেন।

—মোহাম্মদ মুহিববুল্লাহ, প্রভাষক, পলাশ শিল্পাঞ্চল কলেজ, পলাশ, নরসিংদী।